

আজকাল

কলকাতা মঙ্গলবার ২ ফেব্রুয়ারি ২০২১

প্রস্তাব বাস্তবে করে দেখাতে হবে, বলছে বণিকসভাগুলো

আজকালের প্রতিবেদন

স্বাস্থ্য, রিয়েল এস্টেট-সহ বিভিন্ন খাতে উৎসাহমূলক যে উদ্যোগ নেওয়া হয়েছে, তা বাস্তবে পরিণত করতে হবে। এমনটাই বলছে বণিকসভাগুলো।

বন্ধন ব্যাঙ্কের সিইও এবং ম্যানেজিং ডিরেক্টর চন্দ্রশেখর ঘোষ জানিয়েছেন, ‘অর্থনীতিতে গতি আনতে স্বাস্থ্য ও পরিকাঠামোয় যে বিনিয়োগের কথা বলা হয়েছে তা অর্থনীতিতে গতি আনবে। ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ বাড়াবে।’

প্যাটন ইন্টারন্যাশনাল লিমিটেডের এমডি সঞ্জয় বুধিয়া বলেছেন, ‘কাঁচামালের আমদানি শুষ্ক ক্ষেত্রে যে ছাড় দেওয়ার কথা বলা হয়েছে, তা রপ্তানির ক্ষেত্রে গতি আনতে পারে।’

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের এমডি এবং সিইও এস এস মল্লিকার্জুনা রাও বলেছেন, ‘দেশের অর্থনীতিকে গতি দিতে বিমা ক্ষেত্রে বিদেশি বিনিয়োগের সীমা বাড়ানো সঠিক উদ্যোগ।’

শিল্পের জন্য ভাল বলেছেন, বিসিসি অ্যান্ড আই-এর প্রেসিডেন্ট দেব এ মুখার্জি, ক্যালকাটা চেম্বার অফ কমার্সের প্রেসিডেন্ট রাজীব মাহেশ্বরী, সিআইআই-এর ডিরেক্টর জেনারেল চন্দ্রজিৎ ব্যানার্জি, ভারত চেম্বার অফ কমার্সের প্রেসিডেন্ট রমেশ কুমার সারোগী, আইটিসি-র চেয়ারম্যান এবং ম্যানেজিং

ডিরেক্টর সঞ্জীব পুরি, আর্সেলর মিতাল নিপ্পন স্টিল ইন্ডিয়ার সিইও দিলীপ ওম্মেন, ফেডারেশন অফ অটোমোবাইল ডিলার্স অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ভিক্বেশ গুলাটি, আইসিসি-র প্রেসিডেন্ট ভিক্বেশ আগরওয়াল। স্বাগত জানিয়েছেন, আইসিআইসিআই ল্যান্ডার্ড জেনারেল ইনসিওরেন্সের সিইও ভার্গব দাশগুপ্ত, সেক্সুরি প্লাই-এর এগজিকিউটিভ ডিরেক্টর কেশব বাজুঙ্কা।

স্বাস্থ্য ক্ষেত্রের জন্য ভাল পদক্ষেপ বলেছেন, অ্যাপোলো হসপিটালস গ্রুপ-এর চেয়ারম্যান ডাঃ প্রতাপ রেড্ডি, সি কে বিড়লা হসপিটালস (সিএমআরআই এবং বিএমবি)-এর পক্ষে সিও ডাঃ সিম্মারদীপ গিল, আমরি হসপিটালস-এর গ্রুপ সিইও রূপক বড়ুয়া, মেডিকা গ্রুপ অফ হসপিটালস-এর চেয়ারম্যান ডাঃ অলোক রায়।

নতুন বাজেটে আবাসন শিল্পে গতি আনার সম্ভাবনার কথা বলেছেন, মার্লিন গ্রুপ-এর প্রেসিডেন্ট সূশীল মোহতা, ইডেন রিয়েলটির ম্যানেজিং ডিরেক্টর আর্থ্য সূমন্ত, বেঙ্গল পিয়ারলেস হাউজিং ডেভলপমেন্ট কোম্পানির সিইও কেতন দাশগুপ্ত, জৈন গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর রিষি জৈন, সৃষ্টি ইনফ্রাস্ট্রাকচার-এর সিএমও অভিষেক ভরদ্বাজ, গ্রুভেন্ট ইনফারিয়েলটি প্রাইভেট লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর রবি খেতান।